# আধুনিক বাংলার ইতিহাস

## হালফিলের গবেষণা



সম্পাদনা

গৌতম মুখোপাধ্যায় ▪ শুভঙ্কর দে ▪ সমর কান্তি চক্রবর্তী

Adhunik Banglar Itihas : Halfiler Gabeshona
A Collection of Articles on the History of Modern Bengal
*Edited by*
Prof. (Dr.) Goutam Mukhopadhyay
Dr. Suvankan Dey
Dr. Samar kanti Chakrabartty

₹ 600/-

প্রথম প্রকাশ : জুলাই ২০২১

© সম্পাদকত্রয়

প্রচ্ছদ সৌজন্য : ওয়েলকাম কালেকশন

অঙ্কন : ডব্লিউ টেলর

ISBN : 978-81-948533-8-8-1

সর্বস্বত্ব সংরক্ষিত

প্রকাশক এবং স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোনও অংশেরই কোনওরূপ পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না, কোনও যান্ত্রিক উপায়ের (গ্রাফিক, ইলেকট্রনিক বা অন্য কোনও মাধ্যম, যেমন ফোটোকপি, টেপ বা পুনরুদ্ধারের সুযোগ সংবলিত তথ্য সঞ্চয় করে রাখার কোনও পদ্ধতি) মাধ্যমে প্রতিলিপি করা যাবে না বা কোনও ডিস্ক, টেপ, পারফোরেটেড মিডিয়া বা কোনও তথ্য সংরক্ষণের যান্ত্রিক পদ্ধতিতে পুনরুৎপাদন করা যাবে না। এই শর্ত লঙ্ঘিত হলে উপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণ করা যাবে।

**প্রাপ্তিস্থান**

দে'জ, দে বুক স্টোর : ১৩ বঙ্কিম চ্যাটার্জি স্ট্রিট, কলকাতা ৭৩
ধ্যানবিন্দু : কলেজ স্কোয়ার ইস্ট, ব্লক ৪, স্টল ৫, ৬
বাংলাদেশ : উজান, নোকতা : ঢাকা
অনলাইন-এ - haritbooks.com

আবিষ্কার-এর পক্ষে মুর্শিদ এ এম কর্তৃক ১২এ আদিগঙ্গা রোড, কলকাতা ৭০০ ০৭০ থেকে প্রকাশিত (মো. ৯৮৩০৩৩১০৯২, ৮৬৯৭১৫৪৩৭৮ e-mail : aaviskarbooks20@gmail.com), অক্ষর বিন্যাস ও মুদ্রণে রেজ ডট কম ৪৪/১এ বেনিয়াটোলা লেন কলকাতা ৭০০ ০০৯।

৬০০ টাকা

# ঐতিহাসিক দৃষ্টিকোণে মরিচঝাঁপি

ড. রোহিদাস মণ্ডল

## এক

ঔপনিবেশিক যুগে ভারতের দলিত অর্থাৎ একেবারে নিম্নস্তরের অবহেলিত জনগোষ্ঠী অপবিত্র অস্পৃশ্য হিসাবে পরিগণিত হত। সংবিধান তৈরি হওয়ার পরে যারা তপশিলি জাতি ও উপজাতি এবং অন্যান্য অনগ্রসর সম্প্রদায় হিসাবে পরিচিত সেই দলিত শ্রেণির সামাজিক আন্দোলনের ধারা ও রাজনৈতিক কার্যকলাপ একটি অন্যতম  আলোচনার বিষয় হয়ে দাঁড়িয়েছে। এই নিম্নবর্গীয় আন্দোলন যখন শুরু হয়েছিল তখন থেকেই  তথাকথিত চতুর্বর্ণের উচ্চবর্গীয় মানুষেরা এদেরকে অবদমিত করে রাখার চেষ্টা করে গেছে। এই অবদমনের, শোষণের এবং লাঞ্ছনার ইতিহাসে বাংলার জাগরণের ইতিহাস অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে দেখা দিয়েছে। ভারত বিভাজনের আগে এবং পরে দলিত শ্রেণির যে অবমাননা, দলিত আন্দোলনকে অবদমিত করে দেওয়ার যে প্রচেষ্টা ছিল, তার মধ্যে এবং বাংলার অবহেলিত, শোষিত শ্রেণি বাঁচার তাগিদে সাম্প্রদায়িক দাঙ্গা থেকে রক্ষা পাওয়ার তাগিদে ভারতবর্ষে এসে আশ্রয় পাওয়ার চেষ্টা করেছে। তাদের উপর এই দমন-পীড়ন সবথেকে বেশি এবং সেই দমন-পীড়নের এক অন্যতম দৃষ্টান্ত হয়ে রয়েছে মরিচঝাঁপির গণহত্যা। যে গণহত্যার কোনো ইতিহাস তৎকালীন সরকার প্রকাশ করেনি তা ক্রমশ সংবাদমাধ্যমের দ্বারা এবং বিরোধী দলের প্রচেষ্টায় ও দলিত শ্রেণির কিছু সচেতন মানুষের প্রচেষ্টায় জনসমক্ষে এসেছে। অসহায় দলিত উদ্বাস্তু শ্রেণি দণ্ডকারণ্য থেকে প্রাণ বাঁচানোর তাগিদে মরিচঝাঁপিতে আশ্রয় পাওয়ার যে চেষ্টা করেছিল সেই চেষ্টায় তাদের বাধা প্রদান করে এবং তাদেরকে বিভিন্ন ভাবে অত্যাচার করে, অবহেলিত লাঞ্ছিত করে, সর্বোপরি গণহত্যা করে, তাদের কুঁড়েঘর জ্বালিয়ে দিয়ে যে নির্মম কর্মকাণ্ড চালানো হয়েছিল তৎকালীন সরকারি প্রচেষ্টায় তা মানব অধিকার থেকে বঞ্চিত হওয়ার এক চরম দৃষ্টান্ত।